

বর্ধিত ছাত্র বেতন রোধে
আজ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহ্বান

বর্ধিত ছাত্র বেতন প্রত্যাহার, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতন সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বেতনের সমান করা সহ ছাত্রদের বিনামূল্যে শিক্ষা উপকরণ সরবরাহের দাবীতে (শেষ পৃ: ৪-এর ক: ম:)

ছাত্র ধর্মঘট আহ্বান
 (১ম পাতার পর)

আজ বৃহস্পতিবার ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশই সারাদেশে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। তবে পরীক্ষাসময় এই ধর্মঘটের আওতার বাইরে থাকবে।

আজকের এই ছাত্র ধর্মঘট সফল করার জন্য ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ, জাতীয় ছাত্রলীগ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, বাংলাদেশ ছাত্রলীগ (শা-ই), বাংলাদেশ ছাত্র ফেডারেশন এবং জাতীয় ছাত্র ইউনিয়ন পৃথক পৃথক বিবর্তিতে সকলের প্রতি আহ্বান জানিয়েছে।

বর্ধিত ছাত্র বেতন প্রত্যাহারের দাবীতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একাংশ (মুস্তাফিজুর রহমান বাবুল) এবং জাতীয় ছাত্র লীগের পৃথক আহ্বান গতকাল বুধবার সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।